# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫১১]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৮: ‘আসরের সালাত তাড়াতাড়ি আদায় করা

## تعجيل العصر

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قال: حَدَّثَنَا أَبُو عَلْقَمَةَ الْمَدَنِيُّ، قال: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، قال: صَلَّيْنَا فِي زَمَانِ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ ثُمَّ انْصَرَفْنَا إِلَى أَنَسِ بْنِ مَالِكٍ فَوَجَدْنَاهُ يُصَلِّي، فَلَمَّا انْصَرَفَ، قَالَ لَنَا: أَصَلَّيْتُمْ ؟ قُلْنَا: صَلَّيْنَا الظُّهْرَ، قَالَ: إِنِّي صَلَّيْتُ الْعَصْرَ، فَقَالُوا لَهُ: عَجَّلْتَ، فَقَالَ: إِنَّمَا أُصَلِّي كَمَا رَأَيْتُ أَصْحَابِي يُصَلُّونَ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٧١٨) (حسن الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 511 - حسن الإسناد

বাংলা

৫১০. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) ..... আবূ সালামাহ্ (রহ.) বলেন, আমরা ’উমার ইবনু ’আবদুল ’আযীয (রহ.)-এর যামানায় একবার (যুহরের) সালাত আদায় করে আনাস (রাঃ)-এর নিকটে গেলাম এবং তাকে সালাত আদায় করা অবস্থায় পেলাম। সালাত শেষ করার পর তিনি আমাদেরকে বললেন যে, তোমরা কি সালাত আদায় করেছ? আমরা বললাম, যুহরের সালাত আদায় করেছি। তিনি বললেন, আমি তো আসরের সালাত আদায় করেছি। লোকেরা বলল, আপনি দ্রুত আদায় করে ফেলেছেন। তিনি বললেন, আমি ঐভাবেই আদায় করি যেভাবে আমার সাথীদেরকে আদায় করতে দেখেছি।

## English

8. Hastening To Pray 'Asr

It was narrated that Abu Salamah said: We prayed at the time of 'Umar bin 'Abdul-'Aziz, then we went to Anas bin Malik and found him praying. when he

finished he said to us: 'Have you prayed?' We said: 'We prayed Zuhr.' He said: 'I prayed 'Asr.' They said: 'You have prayed early.' He said: 'Rather I prayed as I saw my companions pray.'

## ফুটনোট

সহীহ: ইমাম নাসায়ী এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্‌ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86783

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন